রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১১, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রজ্ঞাপন

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২/১১ ডিসেম্বর ২০২৫

নং **১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৮—অধ্যাদেশ নম্বর-৬৭ (মু: ও প্র:)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি ১০ অগ্রহায়ণ ১৪৩২/২৫ নভেম্বর ২০২৫ তারিখে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ২০২৫ এর উপর গণভোট অধ্যাদেশ জারি করিয়াছেন।

গণভোট অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ১১ অনুসারে, উক্ত অধ্যাদেশ এর ধারা ০৩ অনুযায়ী জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫-এ বর্ণিত সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবের উপর জনগণের সম্মতি রহিয়াছে কি না তাহা যাচাইয়ের জন্য (হ্যাঁ/না এর মাধ্যমে) গণভোট অধ্যাদেশ এর ধারা ৮ মোতাবেক নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য, নির্ধারিত পদ্ধতিতে, একই দিনে, পৃথক ব্যালট পেপারের মাধ্যমে গণভোট অনুষ্ঠানের জন্য আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার ধার্য করিতেছে:

**প্রস্তাব সমূহ :**

(ক) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হইবে।

(খ) আগামী জাতীয় সংসদ হইবে দুই কক্ষ বিশিষ্ট ও জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত

হইবে এবং সংবিধান সংশোধন করিতে হইলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হইবে।

(গ) সংসদে নারী প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল হইতে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, মৌলিক অধিকার, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রপতির ক্ষমতাসহ তফসিলে বর্ণিত যে ৩০টি বিষয়ে জুলাই জাতীয় সনদে ঐকমত্য হইয়াছে-সেগুলো বাস্তবায়নে আগামী সংসদ নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দলগুলো বাধ্য থাকিবে।

(ঘ) জুলাই জাতীয় সনদে বর্ণিত অপরাপর সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হইবে।

গণভোট অনুষ্ঠানের সময় **সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা** পর্যন্ত বিরতিহীনভাবে জাতীয় সংসদের জন্য নির্ধারিত পদ্ধতিতে গণভোটের জন্য পৃথক ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে গণভোটে ভোটপ্রদানের জন্য আহ্বান করিতেছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

<u>**নমুনা**</u>

**গণ বিজ্ঞপ্তি**

গণভোট অধ্যাদেশ, ২০২৫-এর ধারা ৫ অনুসারে আমি..........................................................

(নাম)

...................................... ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে,

(পদবি)

গণভোট প্রদানের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক স্মারক নং ...................., ......**অগ্রহায়ণ ১৪৩২**/........

**ডিসেম্বর ২০২৫** তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিনে এতদ্বারা পৃথক ব্যালট পেপারের মাধ্যমে গণভোট অনুষ্ঠানের সময়সূচি ঘোষণা করেছেন।

সে লক্ষ্যে **২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা** পর্যন্ত বিরতিহীনভাবে জাতীয় সংসদের জন্য, নির্ধারিত পদ্ধতিতে, গোলাপী রং পৃথক ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে গণভোট অনুষ্ঠিত হবে।

তারিখ: ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর, নাম ও পদবি
নির্বাচনি এলাকার নম্বর ও নাম

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd